



বিজয় অত্যাঙ্গ

কাইউম পারভেজ

আজ কি তবে বিজয় দিবস!

খামোশ !

কোথায় বিজয় দিবস কোথায় সে উৎসব স্পন্দন?

ছাব্বিশে মার্চ যেমন ৩৬ জুলাই করেছে

আজ কি তবে ৩৬ ডিসেম্বর?

স্বপদে ফণা তুলে ছুটছে, ছুটছে, ছুটছে....

খুঁজছে কোথায় সে বীর মুক্তিসেনা

কোথায় সে স্বাধীনতাকামী মানুষ

যারা আরেকটি বিজয় দিবসের প্রতীক্ষায়।

তারা নিচ্ছে প্রস্তুতি গোপনে গোপনে

আত্মগোপনে, গা গতরে মননে মননে।

এ ডিসেম্বরেই সেই বিজয়, নয়তো

সমুখের কোন ডিসেম্বরে, নয়তো

এক দুই তিন একুশ বছর পরের

কোন ডিসেম্বরে।

তবুও বলছি - কাঙ্ক্ষিত বিজয় অত্যাঙ্গ।

পূর্ব দিগন্তে আবার সূর্য উঠছে

রক্ত লাল রক্ত লাল রক্ত লাল

উদ্ধার হবে দেশ মা আমার

আসছে সেই সকাল - সকাল সকাল।

যে শাদুল পেয়েছে রক্তের স্বাদ

নেই তার কোন অবসাদ

স্বাধীনতা পাওয়া বাংলার মানুষ

সইবে না - সইবে না কোন অপবাদ।

একান্তরে যেমন করেছে প্রতিহত

এ পাঁচিশেও তেমন শুরুটা হবে

জোয়ার এসেছে জনসমুদ্রে

সে আশ্ফালন স্তব্ধ হবে তবে।

দাও সে মুজিবীয় হাঁক - জয় বাংলা

বিজয়ের দিনে জয় বাংলা - জয় বাংলা জয় বাংলা।